

# সংবিধান
# CONSTITUTION

বাংলাদেশি আমেরিকান কালচারাল অ্যাসোসিয়েশন (বাকা)
Bangladeshi American Cultural Association (BACA)

A non-profit organisation 501(c)


সাতসমুদ্র
তের নদী
বাঙালিয়ানা
নিরবধি

# গঠনতন্ত্র

## বাংলাদেশি আমেরিকান কালচারাল অ্যাসোসিয়েশন (বাকা)
## Bangladeshi American Cultural Association (BACA)


প্রকাশনায়

বাংলাদেশি আমেরিকান কালচারাল অ্যাসোসিয়েশন ইন্‌ক

প্রকাশকাল

প্রথম প্রকাশ: এপ্রিল ২০১৪

দ্বিতীয় মুদ্রণ: আগস্ট ২০২৫

নির্ধারিত শুভেচ্ছা মূল্য

৫ ডলার

মুদ্রণ

এস.এস. প্রিন্টার্স, সিলেট

০১৭১৭-৪৫৯৪৫৭

# একনজরে

'সাত সমুদ্র তের নদী, বাঙালিয়ানা নিরবধি' এই অঙ্গীকারে যাত্রা শুরু করে বাংলাদেশি আমেরিকান কালচারাল অ্যাসোসিয়েশন (বাকা)। ভিন্ন সংস্কৃতিতে বসবাস করে স্বদেশী সংস্কৃতি বুকে ধারণ ও লালন করার প্রয়াস এই সংগঠনের। দূর প্রবাসে দেশীয় সংস্কৃতি তুলে ধরা ও আগামী প্রজন্মের কাছে পৌঁছে দেওয়ার প্রচেষ্টায় রয়েছে এ সংগঠন। বাংলাদেশি আমেরিকান কালচারাল অ্যাসোসিয়েশন প্রতিষ্ঠা লাভ করে ২০১৪ সালে। প্রতিষ্ঠার পর থেকে এই সংগঠন বাংলা ও বাঙালি সংস্কৃতি এবং কৃষ্টিকে সমুন্নত রাখার প্রয়াসে বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক আচার অনুষ্ঠান আয়োজন-চর্চা অব্যাহত রেখেছে।

**কার্যালয়**

১১৪৭ হোয়াইট প্লেইনস রোড, ব্রঙ্কস, এনওয়াই ১০৪৭২
নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র

**ওয়েবসাইট**

www.bacaus.com

**ইমেইল**

bacaus.officials@gmail.com

# সংবিধান

## ভুমিকা

রাষ্ট্র পরিচালনায় যেমনি সংবিধান অপরিহার্য তেমনি সংগঠন পরিচালনায় ও সংবিধান বা গঠনতন্ত্রের প্রয়োজনীয়তা রয়েছে। সংবিধান হচ্ছে একটি সংগঠনের অনুস্মরণিকা। সংগঠন পরিচালনায় অ্যাসোসিয়েশনের প্রত্যেক নেতৃবৃন্দকে এই অনুস্মরণিকা বা সংবিধান অনুসরণ করতে হবে।

## ১। সংগঠনের নাম

বাংলাদেশি আমেরিকান কালচারাল অ্যাসোসিয়েশন, সংক্ষেপে বিএসিএ (বাকা)।

## ২। সংগঠনের এলাকা

সমগ্র নিউইয়র্ক সংগঠনের এলাকা হিসাবে বিবেচিত হবে ।

## ৩। সংগঠনের লক্ষ্য ও উদ্দেশ্য

১) বাংলাদেশের শিক্ষা সংস্কৃতি ও ঐতিহ্য আমাদের নতুন প্রজন্ম তথা বহির্বিশ্বে তুলে ধরা

২) দেশ ও এই প্রবাসে বিপদগ্রস্ত মানুষকে সর্বতোভাবে সাহায্য ও সহযোগিতা

৩) নতুন প্রজন্মের মাঝে দেশীয় সংস্কৃতি গড়ে তুলতে বাংলা ও সংগীত স্কুল প্রতিষ্ঠা

৪) অভিবাসীদের কল্যাণে ইমিগ্রেশন সার্ভিস ও বছরে একবার স্বাস্থ্যসেবার ব্যবস্থা

৫) বাংলাদেশের সংস্কৃতি ও ঐতিহ্য বহির্বিশ্বে তুলে ধরতে প্রতিবছর পথমেলা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন

৬) নতুন প্রজন্মের মাঝে বাংলা সাহিত্যের বিকাশে নিয়মিত স্যুভেনির প্রকাশের ব্যবস্থা গ্রহণ

৭) দূর প্রবাসে বসবাসরত বাংলাদেশিদের আনন্দ বিনোদনে যথাযথ উদ্যোগ গ্রহণ ও প্রতিবছর বনভোজনের আয়োজন

৮) পবিত্র রমজান মাসে ইফতার পার্টি ও ঈদ পুনর্মিলন এবং শারদীয় দুর্গোৎসবে পুনর্মিলন অনুষ্ঠানের আয়োজন

৯) বাংলাদেশের জাতীয় দিবসসমূহ, যথা- স্বাধীনতা দিবস, শহিদ দিবস ও বিজয় দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপন

১০) দেশে বন্যা-খরাসহ প্রাকৃতিক দূর্যোগে আক্রান্ত বিপদগ্রস্ত মানুষকে সাধ্যানুযায়ী মানবিক সহযোগিতা প্রদান

১১) দূর প্রবাসে নতুন প্রজন্মকে শিক্ষাক্ষেত্রে উৎসাহিত করতে ও কৃতি শিক্ষার্থীদের যথাযথ পুরস্কৃত করতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ

## ৪। সংগঠনের সদস্য

সংগঠনে দুই ধরণের সদস্য পদ থাকবে-

ক) সাধারণ সদস্য ও খ) আজীবন সদস্য

### ক) সাধারণ সদস্য

১৮ বছরের উর্ধ্বে সুস্থ যে কোন বাংলাদেশি সংগঠনের সদস্য ফরম পূরণপূর্বক সংগঠনের তহবিলে ২০ ডলার জমা দিয়ে এক বছরের জন্য সদস্য হতে পারবেন। তবে সাধারণ সদস্যকে প্রতিবছর ২০ ডলার জমা দিয়ে সদস্যপদ নবায়ন করতে হবে ।

### খ) আজীবন সদস্য

যুক্তরাষ্ট্রে বসবাসরত ১৮ বছরের উর্ধ্বে যেকোন সুস্থ বাংলাদেশি সংগঠনের সদস্য ফরম পূরণপূর্বক সংগঠনের তহবিলে ২০০ ডলার এককালীন চাঁদা জমাপূর্বক সংগঠনের আজীবন সদস্যপদ লাভ করতে পারবে। আজীবন সদস্যদের সদস্যপদ নবায়ন করতে হবে না।

### ৫। সংগঠনের কমিটি
সংগঠন পরিচালনায় একটি কমিটি থাকবে। এ কমিটির সদস্য সংখ্যা হবে ২৩

### ৬। কমিটির রূপরেখা

| পদ | সদস্য সংখ্যা |
|---|---|
| সভাপতি | ১ জন |
| সহসভাপতি | ৫ জন |
| সাধারণ সম্পাদক | ১ জন |
| যুগ্ম সাধারণ সম্পাদক | ৩ জন |
| কোষাধ্যক্ষ | ১ জন |
| সাংগঠনিক সম্পাদক | ১ জন |
| সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক | ১ জন |
| প্রচার ও গণসংযোগ সম্পাদক | ১ জন |
| ক্রীড়া ও চিত্ত বিনোদন সম্পাদক | ১ জন |
| আইন ও আন্তর্জাতিক সম্পাদক | ১ জন |
| গণশিক্ষা ও সমাজকল্যাণ সম্পাদক | ১ জন |
| নির্বাহী সদস্য | ৬ জন |

### ৭। কমিটির মেয়াদ
কমিটির মেয়াদকাল হবে তিন বছর। প্রতি তিন বছর অন্তর নতুন কমিটি গঠিত হবে।

## ৮। কমিটি গঠন প্রক্রিয়া

কমিটি গঠন প্রক্রিয়ায় স্বচ্ছতা ও জবাবদিহিতা বাঞ্চনীয়। কমিটি গঠনের তিনমাস পূর্বে বিদায়ী কমিটি সংগঠনের সদস্যদের মধ্য হতে ১ জনকে প্রধান কমিশনার ও ২ জনকে কমিশনার মনোনীত করে ৩ সদস্যবিশিষ্ট একটি নির্বাচন কমিশন গঠন করবে। এ কমিশন গোপন ব্যালটে ভোটগ্রহণের ব্যবস্থা করে নতুন কমিটি গঠন করবে। নির্বাচনের দুইমাস পূর্বে কার্যকরী কমিটি ভোটার তালিকা প্রস্তুত করে নির্বাচন কমিশন বরাবরে প্রেরণ করবে। নির্বাচন কমিশন এই ভোটার তালিকা অনুসারে নির্বাচনের ব্যবস্থা করবে। সংগঠনের সাধারণ অথবা আজীবন সদস্যপদ না থাকলে কেউ নির্বাচনে বা কমিটির কার্যক্রমে অংশ নিতে পারবেন না।

## ৯। বোর্ড অব ট্রাস্টি

সংগঠনের কার্যক্রম পরিচালনায় কার্যকরী কমিটিকে সহায়তা দিতে বোর্ড অব ট্রাস্টি নামে একটি কমিটি গঠিত হবে। এই কমিটির সদস্য সংখ্যা হবে ৯ জন। সংগঠনের সভাপতি পদাধিকার বলে এই কমিটির সদস্য হিসেবে বিবেচিত হবেন। বাকি ৮ জন সদস্য বাইরে থেকে মনোনীত হবেন। কমিটির সকলের পদবী হবে সদস্য। এই কমিটির মেয়াদকাল হবে ৩ বছর। কার্যকরী কমিটি গঠনের দুইমাসের মধ্যে কার্যকরী কমিটি এই বোর্ড অব ট্রাস্টি সদস্যদের মনোনীত করবে। তবে বোর্ড অব ট্রাস্টির সদস্যদের সংগঠনের সদস্য (সাধারণ সদস্য অথবা আজীবন সদস্য) হতে হবে। অন্যথায় বোর্ড অব ট্রাস্টি হওয়ার যোগ্যতা থাকবে না।

## ১০। কমিটি কর্মকর্তাদের কার্যাবলী

### ক) সভাপতি

সভাপতি হচ্ছেন এই সংগঠনের প্রধান সাংগঠনিক ব্যক্তি। কার্যকরী কমিটি, সাধারণ সভা ও বোর্ড অব ট্রাস্টির সভা আহবান ও সভায় সভাপতিত্ব করা তার অন্যতম কাজ। তাছাড়া সংগঠনের তহবিল সাধারণ সম্পাদক ও কোষাধ্যক্ষের পাশাপাশি সভাপতির স্বাক্ষরে নিয়ন্ত্রিত ও পরিচালিত হবে ।

### খ) সহসভাপতি

সভাপতির অনুপস্থিতিতে ক্রমানুসারে সহসভাপতি সভাপতির দায়িত্ব পালন করবেন। তাছাড়া সভাপতির প্রাত্যহিক কর্মকাণ্ডে সহযোগিতা প্রদান ও কমিটি প্রদত্ত যেকোন দায়িত্ব পালন সহসভাপতির দায়িত্ব ও কর্তব্য।

### গ) সাধারণ সম্পাদক

সাধারণ সম্পাদক হচ্ছেন সংগঠনের প্রধান নির্বাহী। সভাপতির অনুমতিক্রমে সাধারণ সভা ও কার্যকরী কমিটির সভা আহবান এবং পরিচালনা করা তার অন্যতম প্রধান কাজ। তাছাড়া সংগঠনের মূল্যবান নথিসহ সম্পত্তি রক্ষনাবেক্ষন করা এবং সাধারণ সভার রিপোর্ট তৈরি ও উপস্থাপন সাধারণ সম্পাদকের কাজ। তাছাড়া সভাপতি ও কোষাধ্যক্ষের সাথে সাধারণ সম্পাদকের যৌথ স্বাক্ষরে সমিতির তহবিল পরিচালিত ও নিয়ন্ত্রিত হবে।

### ঘ) যুগ্ম সাধারণ সম্পাদক

সাধারণ সম্পাদকের অনুপস্থিতিতে ক্রমানুসারে যুগ্ম সাধারণ সম্পাদক সাধারণ সম্পাদকের রুটিন দায়িত্ব পালন করবেন। তাছাড়া সাধারণ সম্পাদকের প্রাত্যহিক কর্মকাণ্ডে সার্বক্ষনিক সহযোগিতা প্রদান ও কমিটি প্রদত্ত যেকোন দায়িত্ব যুগ্ম সাধারণ সম্পাদক পালন করবেন।

### ঙ) কোষাধ্যক্ষ

কোষাধ্যক্ষ হচ্ছেন সংগঠনের প্রধান হিসাবরক্ষক। সংগঠনের সকল অর্থনৈতিক লেনদেন কোষাধ্যক্ষের মাধ্যমে পরিচালিত হবে। তাছাড়া সাধারণ সভায় আয়-ব্যয়ের রিপোর্ট তৈরি এবং উপস্থাপন ও সংগঠনের যাবতীয় হিসাবনিকাশ সংরক্ষণ করা কোষাধ্যক্ষের কাজ। তবে সংগঠনের অর্থ উত্তোলন করতে হলে কোষাধ্যক্ষের পাশাপাশি সভাপতি ও সাধারণ সম্পাদকের স্বাক্ষর বাধ্যতামূলক।

### চ) সাংগঠনিক সম্পাদক

সংগঠনের সদস্য সংগ্রহসহ সাংগঠনিক কাঠামো শক্তিশালী রাখা হচ্ছে সাংগঠনিক সম্পাদকের কাজ। সদস্য ফরম অনুমোদন ও সদস্যদের নিকট হতে প্রাপ্ত অর্থ কোষাধ্যক্ষের নিকট বুঝিয়ে দেয়া হচ্ছে সাংগঠনিক সম্পাদকের প্রধান কাজ।

### ছ) সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক

সংগঠনের প্রকাশিত স্যুভেনির ও ম্যাগাজিন সম্পাদনা এবং প্রকাশের ব্যবস্থা করা ও সাহিত্য-সাংস্কৃতিক অনুষ্ঠান পরিচালনাসহ অনুষ্ঠান আয়োজনে তদারকি করা সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদকের প্রধান কাজ।

### জ) প্রচার ও গণসংযোগ সম্পাদক

সংগঠনের সকল কার্যক্রম প্রচার ও প্রসারে যথাযথ উদ্যোগ গ্রহণ এই সম্পাদকের প্রধান কাজ। তাছাড়া সংগঠনের সংবাদ সংবাদপত্রে প্রকাশের যথাযথ ব্যবস্থা গ্রহণ এবং পোস্টার লিফলেটসহ সকল প্রকার প্রকাশনার তদারক করা প্রচার ও প্রকাশনা সম্পাদকের দায়িত্ব ।

### ঝ) ক্রীড়া ও চিত্ত বিনোদন সম্পাদক

সংগঠন আয়োজিত বনভোজন অনুষ্ঠানে ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠান পরিচালনা করা ও পুরস্কার ক্রয়সহ ইফতার মাহফিল, বনভোজন ও অন্যান্য সকল অনুষ্ঠানে আপ্যায়নের ব্যবস্থা গ্রহণ এবং তদারক করা ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদকের কাজ।

### ঞ) আইন ও আন্তর্জাতিক সম্পাদক

প্রবাসে কমিউনিটির কল্যাণে সংগঠন আয়োজিত স্বাস্থ্য ক্যাম্প তত্ত্বাবধায়ন ও ইমিগ্রেশন সুবিধা নিশ্চিত করতে আইনী সাহায্য ব্যবস্থা তদারক করা আইন ও আন্তর্জাতিক সম্পাদকের কাজ।

### ট) গণশিক্ষা ও সমাজকল্যাণ সম্পাদক

শিক্ষা ও শিক্ষার্থী সংশ্লিষ্ট সকল কার্যক্রম তদারকি করা এবং শিক্ষা সংক্রান্ত অনুষ্ঠান আয়োজনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও পবিত্র রমজান মাসে ইফতার পার্টি আয়োজনের ব্যবস্থা করা ও হিন্দুসহ অপরাপর সম্প্রদায়ের ধর্মীয় অনুষ্ঠান পালনে সহযোগিতা করা এবং দেশ ও প্রবাসে প্রাকৃতিক দূর্যোগে আক্রান্ত মানুষকে প্রয়োজনমতো সহযোগিতা প্রদানে ব্যবস্থা গ্রহণ গণশিক্ষা ও সমাজকল্যাণ সম্পাদকের কাজ ।

### ঠ) সদস্য

সংগঠনের সভায় উপস্থিত হয়ে সাংগঠনিক কার্যক্রমে অংশগ্রহণ ও সংগঠন প্রদত্ত দায়িত্ব পালন কার্যকরী সদস্যদের প্রধান কাজ।

### ১১। মনোগ্রাম

বাংলাদেশি আমেরিকান কালচারাল অ্যাসোসিয়েশন তার পরিচিতি বহন করার জন্য একটি মনোগ্রাম ব্যবহার করে। মনোগ্রামটি এই সংগঠনের নাম, লক্ষ্য ও উদ্দেশ্যের সাথে সামঞ্জস্য রেখে তৈরি করা হয়েছে। আমরা বাংলাদেশি-আমেরিকান তাই মনোগ্রামে দুই দেশের পতাকার রঙের সংমিশ্রণ রাখা হয়েছে। মধ্যখানে সুদৃঢ় একতা এবং একতার মাধ্যমে সুদূর প্রবাসে দেশি সংস্কৃতি, কৃষ্টি ও ইতিহাসকে সমুন্নত রাখা এবং এর বিস্তার ঘটানোর অভিপ্রায় জানানো হয়েছে। আলোকরশ্মির মাধ্যমে আগামী উজ্জ্বল প্রজন্ম যারা আমাদের ইতিহাস ঐতিহ্য ও সংস্কৃতি ধরে রাখবে এবং সেই মশাল প্রজন্ম থেকে প্রজন্মান্তরে পৌঁছে দেবে তা বোঝানো হয়েছে।

### ১২। সংগঠনের কার্যালয়
সংগঠনের কার্যক্রম পরিচালনায় একটি কার্যালয় থাকবে। স্থায়ী কার্যালয় নির্মিত না হওয়া অবধি যে কোন আবাসিক অথবা বাণিজ্যিক ভবনকে কমিটির অনুমোদনসাপেক্ষে সংগঠনের কার্যালয় হিসাবে ব্যবহার করা যাবে।

### ১৩। কার্যকরী কমিটি ও বোর্ড অব ট্রাস্টির সভা
সংগঠনের কার্যক্রম পরিচালনায় প্রতি দুইমাসে একবার কার্যকরী কমিটি ও বছরে একবার বোর্ড অব ট্রাস্টির সভা অনুষ্ঠিত হবে। এছাড়া বিশেষ প্রয়োজনে জরুরি সভা করা যাবে।

### ১৪ । বোর্ড অব ট্রাস্টির কার্যাবলী
সংগঠনের সামগ্রিক কর্মকাণ্ডে কার্যকরী কমিটিকে প্রয়োজনীয় পরামর্শসহ সার্বিক সহযোগিতা প্রদান বোর্ড অব ট্রাস্টির প্রধান কাজ। সংগঠনের নিয়মিত কার্যক্রম ছাড়া কোন কিছু করতে হলে বোর্ড অব ট্রাস্টির অনুমোদন নিয়ে করতে হবে। এক্ষেত্রে প্রয়োজনে যৌথ সভা করা যেতে পারে। বোর্ড অব ট্রাস্টির সদস্য পদটি মূলত একটি সম্মানজনক পদ। তাই সংগঠনের সকল অনুষ্ঠানে তাদের যথাযথ সম্মান দিতে হবে।

### ১৫। ক্ষমতা হস্তান্তর
নতুন কমিটি গঠনের ন্যূনতম একমাসের মধ্যে বিদায়ী কমিটি নির্বাচন কমিশনের উপস্থিতিতে নতুন কমিটির নিকট ক্ষমতা হস্তান্তর করবে।

### ১৬ । অব্যাহতি, বহিষ্কার ও কারণ দর্শাও নোটিশ
কোন কর্মকর্তা কিংবা সদস্য সংবিধান লঙ্ঘন ও সংগঠনবিরোধী কোন কার্যক্রমে সম্পৃক্ত থাকার প্রমাণ পাওয়া গেলে সুনির্দিষ্ট প্রমাণসাপেক্ষে তাকে স্বপদ থেকে অব্যাহতিসহ সংগঠন থেকে বহিস্কার করা যাবে। তবে উল্লিখিত শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের পূর্বে অভিযুক্ত ব্যক্তিকে ন্যূনতম এক সপ্তাহ সময় দিয়ে কারণ দর্শাও নোটিশ প্রদান করে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিতে হবে।

**১৭। অনাস্থা প্রস্তাব**

কোন কর্মকর্তা কিংবা সদস্য স্বেচ্ছাচারিতা কিংবা অসদাচরণে লিপ্ত হলে কার্যকরী কমিটির সভায় সংখ্যাগরিষ্টের মতামতক্রমে তার বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব এনে তাকে দায়িত্ব হতে অপসারণ করা যাবে। তবে এ অপসারণের ন্যূনতম ১৫ দিনের মধ্যে সাধারণ সভা আহবান করে অনুমোদন নিতে হবে। সাধারণ সভার অনুমোদন ব্যতীত যে কোন অনাস্থা কিংবা অপসারণ অকার্যকর বলে গণ্য হবে।

## উপসংহার

উল্লিখিত ১৭টি দফা ও সংশ্লিষ্ট সকল উপদফা বাংলাদেশি আমেরিকান কালচারাল অ্যাসোসিয়েশনের সংবিধান হিসেবে পরিগণিত হবে। কেবলমাত্র সাধারণ সভার অনুমোদনক্রমে এই সংবিধান কার্যকর ও প্রয়োজনীয় সংযোজন ও বিয়োজন করা যাবে।

## সংশোধন

বাংলা একাডেমি কর্তৃক প্রমিত বাংলা বানানের নিয়মাবলীর আলোকে ‘বাংলাদেশী’ শব্দের পরিবর্তে ‘বাংলাদেশি’, ‘এসোসিয়েশন’ এর পরিবর্তে ‘অ্যাসোসিয়েশন’ এবং ‘বাঙ্গালিয়ানা’ এর পরিবর্তে ‘বাঙালিয়ানা’ শব্দ প্রতিস্থাপিত হলো।

# বাংলাদেশি আমেরিকান কালচারাল অ্যাসোসিয়েশন (বাকা)'র আহবায়ক ও সদস্য সচিব এবং সভাপতি ও সাধারণ সম্পাদকবৃন্দ

| আহ্বায়ক কমিটি | ২০১৪ |
|---|---|
| আহ্বায়ক | আব্দুল হাসিম হাসনু |
| সদস্য সচিব | টিপু চৌধুরী |

| কার্যকরী কমিটি | ২০১৪-২০১৫ |
|---|---|
| সভাপতি | আব্দুল হাসিম হাসনু |
| সাধারণ সম্পাদক | টিপু চৌধুরী |

| কার্যকরী কমিটি | ২০১৫-২০১৮ |
|---|---|
| সভাপতি | আব্দুল হাসিম হাসনু |
| সাধারণ সম্পাদক | আহবাব চৌধুরী খোকন |

| কার্যকরী কমিটি | ২০১৯-২০২০ |
|---|---|
| সভাপতি | আব্দুল হাসিম হাসনু |
| সাধারণ সম্পাদক | আহবাব চৌধুরী খোকন |

| কার্যকরী কমিটি | ২০২০-২০২৩ |
|---|---|
| সভাপতি | আহবাব চৌধুরী খোকন |
| সাধারণ সম্পাদক | সারওয়ার চৌধুরী |

| কার্যকরী কমিটি | ২০২৩-২০২৬ |
|---|---|
| সভাপতি | সারওয়ার চৌধুরী |
| সাধারণ সম্পাদক | শাহ বদরুজ্জামান রুহেল |

# At a glance

The Bangladeshi American Cultural Association (BACA) started its journey with the pledge of 'across seven seas and thirteen rivers, Bengali spirit endures forever'. This organization formed in New York City in 2014 to promote Bangladeshi culture among Bangladeshi immigrants living in New York City. It helps old and new generation of Bangladeshi diaspora maintain their heritage by arranging various cultural events. This organization has been continuously organizing and practicing various social and cultural rituals to uphold Bengali culture and heritage since its establishment.

**Office Address**

1147 White Plains Road, Bronx, NY 10472
New York, USA

**Email:**
bacaus.officials@gmail.com

**Website:**
www.bacaus.com

# CONSTITUTION

## Introduction

Just as a constitution is essential for the effective governance of a state, it is equally vital for the proper management of an organization. This constitution serves as a guiding document for the Bangladeshi American Cultural Association (BACA), outlining its purpose, structure, and operational principles. All leaders and members of the organization are bound to uphold and adhere to its provisions.

## Article 1: Name of the Organization

The name of the organization shall be the Bangladeshi American Cultural Association, hereinafter referred to as 'BACA'.

## Article 2: Area of Operation

The operational area of BACA shall encompass the entirety of the New York metropolitan area.

## Article 3: Goals and Objectives

The primary goals and objectives of BACA are as follows:

a) To transmit the education, culture, and heritage of Bangladesh to the new generation of Bangladeshis residing outside of Bangladesh.

b) To provide comprehensive assistance and cooperation to individuals facing hardship or problems.

c) To establish Bengali language and music schools to foster indigenous culture among the new generation.
d) To offer immigration services for immigrants and provide annual healthcare initiatives.
e) To organize annual street fairs and cultural events to showcase Bangladeshi culture and heritage to the broader community.
f) To publish regular souvenirs and literary materials to promote Bengali literature among the new generation.
g) To organize an annual picnic for the entertainment and camaraderie of the Bangladeshi community.
h) To host Iftar parties during the holy month of Ramadan, reunion events during Eid and celebrations for Durga Puja.
i) To observe and celebrate the national days of Bangladesh, including National Independence Day, Martyrs' Day and Victory Day with due dignity and respect.
j) To provide humanitarian assistance, to the extent possible, to individuals affected by natural calamities, including floods and droughts, in Bangladesh.
k) To take necessary steps to encourage the new generation in the field of education and to appropriately reward meritorious students.

## Article 4: Membership

There shall be two categories of membership within the organization:

**a) General Member**

Any Bangladeshi individual aged 18 years or older may become a general member for a period of one year by completing the membership form and remitting a fee of twenty (20) US dollars to the organization's fund. General membership must be renewed annually by depositing an additional twenty (20) US dollars.

**b) Life Member**

Any Bangladeshi individual aged 18 years or older residing in the United States may become a lifetime member by making a one-time payment of two hundred (200) US dollars to the organization's fund. Life members are exempt from annual membership renewal fees.

## Article 5: Executive Committee

The organization shall be governed by an Executive Committee responsible for its management. The Executive Committee shall consist of twenty-three (23) members.

## Article 6: Composition of the Executive Committee

The Executive Committee shall be comprised of the following officers and members:

* One (1) President
* Five (5) Vice Presidents
* One (1) General Secretary
* Three (3) Joint General Secretaries
* One (1) Treasurer
* One (1) Organizing Secretary
* One (1) Publicity and Public Relations Secretary
* One (1) Sports and Recreation Secretary
* One (1) Law and International Affairs Secretary
* One (1) School Education and Social Welfare Secretary
* Six (6) Executive Members

**Article 7: Term of the Executive Committee**

The term of office for the Executive Committee shall be three (3) years. A new committee shall be formed every three years.

**Article 8: Committee Formation Process**

The formation of the Executive Committee shall be conducted with utmost honesty and accountability. Three months prior to the election, the incumbent Executive Committee shall establish an Election Commission. The Election Commission shall consist of a Chief Commissioner and two (2) Commissioners nominated from among the general and life members of the organization. This commission will facilitate the election of a new committee through a secret ballot process.

The Executive Committee shall prepare and transmit the voter list to the Election Commission two months before the election. The Election Commission shall conduct the election based on this voter list. Only individuals holding current general or lifetime membership in the organization shall be eligible to participate in the election or its activities.

**Article 9: Board of Trustees**

A Board of Trustees shall be constituted to assist the Executive Committee in overseeing the organization's activities. The Board of Trustees shall comprise nine (9) members. The President of the organization shall serve as an ex-officio member of this committee. The remaining eight (8) members shall be nominated from outside the Executive Committee. All members of the Board of Trustees shall hold the title 'Member'. The term of this committee shall be three (3) years. The Executive Committee shall nominate the members of the Board of Trustees within two months of its formation.

All members of the Board of Trustees must hold either a general or lifetime membership in the organization; otherwise, they shall forfeit their qualification to serve on the Board of Trustees.

## Article 10: Functions of Committee Officers

### a) President:

The President is the principal organizing authority of BACA. He or she shall convene and preside over meetings of the Executive Committee, general meetings, and Board of Trustees meetings. Furthermore, the organization's funds shall be controlled and managed under the joint signatures of the President, General Secretary, and Treasurer.

### b) Vice President

In the absence of the President, a Vice President shall assume the responsibilities of the President. Additionally, it is the responsibility and duty of the Vice Presidents to assist the President in his or her daily activities and to perform any duties assigned to them by the committee.

### c) General Secretary

The General Secretary is the chief executive officer of the organization. One of his or her primary functions is to convene and conduct general meetings and Executive Committee meetings with the President's permission. Moreover, it is the duty of the General Secretary to maintain the organization's assets, including valuable files, and to prepare and present reports for general meetings. Furthermore, the organization's funds are managed and controlled under the joint signatures of the President, Treasurer, and General Secretary.

**d) Joint General Secretary**

In the absence of the General Secretary, a Joint General Secretary shall perform the routine duties of the General Secretary. Additionally, to assist the General Secretary, the Joint Secretary shall perform all duties assigned to him or her by the committee.

**e) Treasurer**

The Treasurer is the chief financial officer of the organization. All financial transactions of the organization are processed through the Treasurer. Additionally, it is the duty of the Treasurer to prepare and present the income and expenditure report at general meetings and to maintain all financial records of the organization. The President and General Secretary shall co-sign with the Treasurer for any withdrawals from the organization's account.

**f) Organizing Secretary**

The primary responsibility of the Organizing Secretary is to maintain the strong organizational structure of BACA, including the recruitment of new members. The Organizing Secretary is also responsible for approving membership forms and verifying the funds received from the Treasurer.

**g) Literary and Cultural Secretary**

The main duty of the Literary and Cultural Secretary is to edit and publish the organization's souvenirs and magazines, and to supervise all literary and cultural events of the organization.

**h) Publicity and Public Relations Secretary**

The primary task of this Secretary is to take appropriate initiatives in publicizing and disseminating all activities of the organization. Furthermore, it is the responsibility of the Publicity and Public Relations Secretary to take appropriate measures for the publication of news concerning the organization and to supervise all types of publications, including posters and leaflets.

**i) Sports and Entertainment Secretary**

It is the duty of the Sports and Entertainment Secretary to organize and conduct sports competitions at picnics, to arrange and supervise Iftar Mahfils, picnics, and all other events, including the procurement of prizes for sports competitions.

**j) Mass Education and Social Welfare Secretary**

This Secretary is responsible for supervising all activities related to education and students, taking necessary steps for organizing educational programs, arranging Iftar parties during the holy month of Ramadan, cooperating in performing religious ceremonies of other communities including Hindus, and taking necessary steps to provide assistance to individuals affected by natural calamities both domestically and internationally.

**m) Law and International Affairs Secretary**

It is the duty of the Law and International Affairs Secretary to supervise the health camps organized by the organization for the welfare of the expatriate community and to ensure the provision of immigration facilities.

**n) Members**

Members are expected to attend meetings of the organization, actively participate in organizational activities, and fulfill responsibilities assigned by the organization.

## Article 11: Monogram

The Bangladeshi American Cultural Association uses a monogram to represent its identity. The monogram has been designed in line with the name, aims, and objectives of this organization. Since we are Bangladeshi Americans, the monogram incorporates the colors of the flags of both countries. The center signifies strong unity and the intention to uphold and disseminate native culture, heritage, and history in distant lands through that unity. The rays of light represent-

our bright future generation who will preserve our history, tradition, and culture, and that this torch will be passed on from generation to generation.

**Article 12: Office of the Organization**

There shall be an office to manage the activities of the organization. Until a permanent office is established, any residential or commercial building may be utilized as the organization's office, subject to the approval of the Executive Committee.

**Article 13: Meetings of the Executive Committee and Board of Trustees**

The Executive Committee shall meet once every two months to manage the activities of the organization. The Board of Trustees shall meet once a year. Additionally, emergency meetings may be convened for special needs as required.

**Article 14: Functions of the Board of Trustees**

The primary function of the Board of Trustees is to provide overall support to the Executive Committee with necessary advice concerning the overall activities of the organization. Any matters beyond the day-to-day operations of the organization must be undertaken with the approval of the Board of Trustees. In such cases, a joint meeting of the Executive Committee and Board of Trustees may be held if necessary. The position of a member of the Board of Trustees is primarily honorary. Therefore, they shall be accorded due respect in all events and activities of the organization.

**Article 15: Transfer of Power**

The outgoing Executive Committee shall formally transfer power to the newly elected Executive Committee in the presence of the Election Commission within one month of the new committee's formation.

**Article 16: Notice of Exemption, Expulsion and Show Cause**

If any officer or member of the association is found to be involved in activities violating this constitution or acting against the interests of the organization, he or she may be expelled from the organization, subject to specific evidence. However, prior to implementing such disciplinary action, the accused individual must be given an opportunity to defend himself/herself by being issued a show cause notice with a minimum of one week's notice.

**Article 17: No-Confidence Motion**

If any officer or member of the organization engages in arbitrary behavior or misconduct, a motion of no-confidence may be brought against him/her in an Executive Committee meeting by a majority vote, leading to removal from duty. However, such removal must be approved by calling a general meeting within a minimum of fifteen (15) days. Any no-confidence motion or removal without the approval of a general meeting shall be deemed null and void.

## Conclusion

The seventeen (17) aforementioned articles and all their related sub-points shall constitute the complete Constitution of the Bangladeshi American Cultural Association. This constitution shall become effective only with the approval of a general meeting, and necessary additions and deletions may be made subsequently with the same approval.

## Amendment

According to the standardized Bengali spelling rules set by the Bangla Academy, the word 'বাংলাদেশী' (Bangladeshi) replaced by 'বাংলাদেশি' (Bangladeshi), 'এসোসিয়েশন' (Association) by 'অ্যাসোসিয়েশন' (Association) and 'বাঙ্গালিয়ানা' (Bangaliyana) by 'বাঙালিয়ানা' (Bangaliyana).

# BACA Conveners - Member Secretary / Presidents - General Secretaries at a Glance

| | |
|---|---|
| **Convening Committee** | **2014** |
| Convener | Abdul Hashim Hasnu |
| Member Secretary | Tipu Chowdhury |
| **Executive Committee** | **2014-2015** |
| President | Abdul Hashim Hasnu |
| General Secretary | Tipu Chowdhury |
| **Executive Committee** | **2015-2018** |
| President | Abdul Hashim Hasnu |
| General Secretary | Ahbab Chowdhury Khukon |
| **Executive Committee** | **2019-2020** |
| President | Abdul Hashim Hasnu |
| General Secretary | Ahbab Chowdhury Khukon |
| **Executive Committee** | **2020-2023** |
| President | Ahbab Chowdhury Khukon |
| General Secretary | Sarwar Chowdhury |
| **Executive Committee** | **2023-2026** |
| President | Sarwar Chowdhury |
| General Secretary | Shah Badruzzaman Rohel |

Note:

BACA
BANGLADESHI AMERICAN CULTURAL ASSOCIATION INC.

A non-profit organisation 501(c)

www.bacaus.com